

২৭

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এখনো কাটেনি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ২৪শে মে (নিজস্ব সংবাদদাতা)।- উপাচার্য, রেজিস্ট্রার, টেক্সটার, হিসাব পরিচালক-শূন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এখনও পুরোপুরি কাটেনি। উপাচার্যের জরুরি পূরণ হলেও রেজিস্ট্রার ও টেক্সটার পদটি এখনও শূন্য রয়েছে। ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয় সিন্ডেটের দুটির মেয়াদ শেষ হলেও ২৮শে এপ্রিল ক্যাম্পাসে ছাত্রদল কর্মীদের ওপর ছাত্রশিবিরের হামলা ও একজন কমিশনার নিহত হওয়ার ঘটনায় অনির্দিষ্টকালের জন্য বন্ধ বিশ্ববিদ্যালয় খোলার কোন সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও ছাত্রমৈত্রী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি করেছে।

অন্যদিকে উপাচার্য হিসেবে ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রবেশের সূচনালগ্নেই প্রফেসর ডঃ এনামুল হক ছাত্রশিবিরের প্রচণ্ড রোবললে পতিত হয়েছেন। ছাত্রশিবির বেনামে ইসলামপ্রিয় জামাত জনতা। উপাচার্য ডঃ এনামুল হকের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, প্রত্নপত্র কীসকহ ব্যক্তি জীবনের নানা দোষত্রুটি তুলে ধরে সিরফলেট ছেড়েছে।

উপাচার্য এসেছেন; কিন্তু অফিশিয়াল প্রধান রেজিস্ট্রার নেই। রেজিস্ট্রার পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত এস এম তৌহিদ পদত্যাগপত্র দাখিল করলে সেটা নতুন উপাচার্য কর্তৃক গৃহীত হওয়ার পর উক্ত পদে এখনও কাউকে নিয়োগ দেয়া হয়নি। টেক্সটার নেই। প্রচুরের পদত্যাগপত্র স্থগিত হয়নি। আর্থিক অনিয়মের অভিযোগে হিসাব পরিচালক সাময়িক বরখাস্ত থাকার ভারপ্রাপ্ত হিসেবে একজনকে নিয়োগ দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনও কোন প্রশাসনিক উদ্যোগ নেয়া হয়নি। ছাত্র সংগঠনগুলোকে এক বৈঠকে আনার উদ্যোগ এখন নেয়া হয়নি। বিশ্ববিদ্যালয় খোলার দাবি নিয়ে জাতীয়-মতাবাদী ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও ছাত্রমৈত্রী উপাচার্যের সাথে সাক্ষাৎ করেছে। ছাত্র সংগঠনগুলোর প্রস্তাবের প্রেক্ষিতে উপাচার্য প্রশাসনিক জটিলতার কথা উল্লেখ করেছেন। এখনও কোন সিডিকেট সভা ডাকা সম্ভব হয়নি। সিডিকেটের সদস্য সচিব রেজিস্ট্রারও নেই, সভা ডাকার ক্ষেত্রেও কিছু জটিলতা রয়ে গেছে।